

লালপুর উপজেলার ডিজিটাল মেলা ২০১৫ উদ্বাপন উপলক্ষে প্রযুক্তিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি: মো. নজরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর।

সভার তারিখ ও সময় : ০৫/০৪/২০১৫ খ্রি. সকাল- ১০.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

উপস্থিত সদস্য : উপস্থিত হাজিরার স্বাক্ষরের ক্রমানুসারে ৩১ জন।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর ০৮/০৩/২০১৫ খ্রিঃ তারিখের ৫৬.০০.০০০০.০২৯.৩৭.০০৪.১৪-১৭৯ নং স্মারকে প্রেরিত দেশের সকল উপজেলায় ডিজিটাল মেলা আয়োজনে অনুসরণীয় পদ্ধতি সংক্রান্ত বিষয়াবলী সভায় পাঠ করে শুনান হয়। বিস্তারিত আলোচনা ও সম্মানিত সদস্যদের মতামতের ভিত্তিতে এ ডিজিটাল মেলার দুই দিন ব্যাপী কর্মসূচি গ্রহণের জন্য সর্বসম্মত ভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

- ০১। ১২/০৪/২০১৫ খ্রি. তারিখে জনাব এ্যাড.মো. আবুল কালাম আজাদ, মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া) মহোদয় মেলার উদ্বোধন করবেন।
- ০২। ডিজিটাল মেলার ভেনু হিসাবে সর্বসম্মতিক্রমে উপজেলার নর্থ বেঙ্গল সুগার মিলস হাই স্কুল কে নির্ধারন করা হয়।
- ০৩। ডিজিটাল মেলায় অংশগ্রহনকারীদের ৪টি ক্যাটাগরীতে(উপজেলার সরকারী বিভাগ, শিক্ষা প্রতিষ্ঠান, ফ্রিল্যান্সিং ও ইউআইসি উদ্যোক্তা) পুরস্কার দেয়া হবে এবং ১ম, ২য়, ও ৩য় ছাড়াও অংশগ্রহণের জন্য সকলকে সৌজন্য পুরস্কার দেয়া হবে।
- ০৪। এ মেলায় কলেজ/মাধ্যমিক স্তরের শিক্ষার্থীরা যেন উপকৃত হয় সে সকল বিষয়বস্তু মেলায় উপস্থাপন করতে হবে।
- ০৫। যে সব কলেজে কম্পিউটার ল্যাব আছে সে সব স্কুল কলেজকে মেলায় অংশগ্রহণ করতে হবে এবং তাদের তৈরীকৃত কননেট মেলায় উপস্থাপন করতে হবে
- ০৬। এ উপজেলার স্ব স্ব বিভাগের কর্মকর্তাদের উপস্থিত থেকে তাদের দাণ্ডরিক কর্মকাণ্ড সমূহ তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উপস্থাপন করতে হবে।
- ০৭। ১২/০৪/২০১৫ খ্রি. তারিখ বিকেলে আউট সোর্সিং বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হবে।
- ০৮। উপজেলার যে সকল দপ্তরে তথ্য প্রযুক্তির ব্যবস্থা নেই তারা ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের মাধ্যমে সহযোগিতা নিয়ে তাদের কার্যক্রম মাল্টিমিডিয়া পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করবেন।
- ০৯। মেলা প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত চলবে।
- ১০। মেলায় আইন শৃংখলা রক্ষা ও সহায়তা প্রদান করার জন্য প্রয়োজনীয় পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অফিসার ইন-চার্জ লালপুর থানা, নাটোর,কে অনুরোধ করা হলো।
- ১১। মেলা চলকালীন সময়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার জন্য বিদ্যুৎ বিভাগকে অনুরোধ করা হলো।
- ১১। মেলার সমাপনী দিনে বিকেলে জনাব মো. মশিউর রহমান, জেলা প্রশাসক, নাটোর মহোদয় আলোচনা ও পুরস্কার বিতরণীর মাধ্যমে মেলার সমাপ্তি ঘোষনা করবেন।

পাতা নং-০২

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো.নজরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর

স্মারক সংখ্যা : ০৫.৫০.৬৯৪৪.০০০.০২.০০১.১৫-১৩৪২ (১২০)

তারিখ: ২৩ চৈত্র ১৪২১ ব.
০৬ এপ্রিল ২০১৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। জনাব এ্যাড.মো. আবুল কালাম আজাদ, মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া)।
- ২। জেলা প্রশাসক, নাটোর।
- ৩। উপ-সচিব, (অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বিসিসি ভবন, ৫ম তলা, আগারগাঁও, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
- ৫। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
- ৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
- ৭। -----

অনুলিপি অবগতি ও জ্ঞাতার্থে:

- ১। মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর নাটোর।
- ২। চেয়ারম্যান, -----ইউ,পি (সকল), লালপুর, নাটোর।
- ৩। উপজেলা -----কর্মকর্তা, লালপুর, নাটোর।
- ৪। উদ্যোক্তা -----ইউ,পি ডিজিটাল সেন্টার (সকল), লালপুর, নাটোর।
- ৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক -----কলেজ/বিদ্যালয়, লালপুর, নাটোর।
- ৬। সভাপতি/ সম্পাদক, প্রেস ক্লাব, লালপুর, নাটোর।
- ৭। ব্যবস্থাপক..... এনজিও (সকল) লালপুর, নাটোর।

(মো.নজরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর।